সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ১৭৫

তারিখঃ ২৩ জুলাই, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ সাট-আউট এর আবেদন নিস্পত্তিকরণ এবং সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট বাতিলের বিষয়ে করণীয় প্রসঙ্গে।**

**সূত্রঃ কাস্টম হাউস, আইসিডি, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-এস-প্রশাসন, কা.হা. আইসিডি.চট্ট/০১/অফিস আদেশ/২০২৬/৪৯৬(৬) কাস, তারিখঃ ১২ জুলাই, ২০২৬।**

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। অনেক সময় রপ্তানিকারক কর্তৃক পণ্য রপ্তানির জন্য বিল অব এক্সপোর্ট দাখিল ও অফডকে পণ্য প্রবেশের পর ক্ষেত্র বিশেষ তা সংশোধন করে ভিন্ন অফডকের মাধ্যমে অথবা একই বা ভিন্ন কোন কাস্টমস হাউসের মাধ্যমে রপ্তানির প্রয়োজনীয়তা দেখা দেয়। এরুপ ক্ষেত্রে রপ্তানিকারক বা রপ্তানিকারকের পক্ষে মনোনিত সিএন্ডএফ এজেন্ট সংশ্লিষ্ট পণ্য চালান সাট-আউটের আবেদন করে থাকেন।

ইতঃপূর্বে অফডকসমূহ কাস্টমস হাউস, চট্টগ্রামের অন্তর্ভুক্ত থাকায় উক্ত দপ্তরের অফিস আদেশ নং-৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১/৩৯৭৬৪ তারিখঃ ০২/১১/২০২৩ইং অনুযায়ী উক্ত আবেদনসমূহ নিস্পন্ন করা হচ্ছিল। বর্তমানে অফডকসমূহ নিয়ে পৃথক দপ্তর কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম সৃজন করা হয়েছে। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ড কমিশনার অব কাস্টমসকে আলোচ্য সাট-আউট এর আবেদন নিস্পত্তি ও বিল অব এক্সপোর্ট বাতিল করণের অনুমোদনের ক্ষমতা প্রদান করা হয়েছে এবং সাট-আউট এর আবেদন নিস্পত্তি এবং Asycuda World System এ সংশ্লিষ্ট বিল অব এক্সপোট বাতিলের প্রক্রিয়া উল্লেখ পূর্বক কাস্টম হাউস, আইসিডি, চট্টগ্রাম কর্তৃক সূত্রোক্ত অফিস আদেশটি জারী করেছে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অফিস আদেশটি **এতদসঙ্গে সংযুক্ত** করা হলো।

ধন্যবাদান্তে,

২৩/৭/২৬

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে ২ (দুই) পাতা।

২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, আইসিডি, চট্টগ্রাম

Website: www.icd.chattogram.gov.bd E-mail: ch.icd.ctg@nbr.gov.bd

নথি নং- এস-প্রশাসন/কা.হা.আইসিডি.চট্ট/০১/অফিস আদেশ/২০২৬ তারিখ: 12 JUL 2026

## অফিস আদেশ

**বিষয়: সাট-আউট এর আবেদন নিষ্পত্তিকরণ এবং সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট বাতিলের বিষয়ে করণীয়।**

রপ্তানিকারক কর্তৃক পণ্য রপ্তানির জন্য বিল অব এক্সপোর্ট দাখিল ও অফডকে পণ্য প্রবেশের পর ক্ষেত্র বিশেষে তা সংশোধন করে ভিন্ন অফডকের মাধ্যমে অথবা একই বা ভিন্ন কোন কাস্টমস হাউসের মাধ্যমে রপ্তানির প্রয়োজনীয়তা দেখা দেয়। এরূপ ক্ষেত্রে রপ্তানিকারক বা রপ্তানিকারকের পক্ষে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সংশ্লিষ্ট পণ্যচালান সাট-আউটের আবেদন করে থাকেন। ইতঃপূর্বে অফডকসমূহ কাস্টমস হাউস, চট্টগ্রামের অন্তর্ভুক্ত থাকায় উক্ত দপ্তরের অফিস আদেশ নং- ৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১/৩৯৭৬৪, তারিখ- ০২/১১/২০২৩ খ্রি. অনুযায়ী উক্ত আবেদনসমূহ নিষ্পন্ন করা হচ্ছিল। বর্তমানে অফডকসমূহ নিয়ে পৃথক দপ্তর কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম সৃজন করা হয়েছে। তাই সাট-আউট এর আবেদন নিষ্পত্তি এবং ASYCUDA World System এ সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট বাতিলের প্রয়োজনীয়তা দেখা দিলে অযথা বিলম্ব পরিহার করে তা নিম্নরূপে নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করা হলো: যথা:-

**(ক) সাট-আউট এর আবেদন নিষ্পত্তি:**

১. সাট-আউট এর আবেদন ও আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি যেমন বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি, আমদানিকারকের Correspondence, অঙ্গীকারনামা, অফডকের প্রত্যয়ন ইত্যাদি প্রাপ্তি সাপেক্ষে একই বা পরবর্তী কার্যদিবসে শাখা সহকারী নথি খুলে অফডকে দায়িত্বরত অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস/রেভিনিউ অফিসার অব কাস্টমস এর নিকট উপস্থাপন করবেন;

২. অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস উক্ত আবেদন নিষ্পত্তির লক্ষ্যে দাখিলকৃত দলিলাদি পর্যালোচনা ও যাচাইপূর্বক পণ্যচালানটি উক্ত অফডকে রক্ষিত আছে কিনা তা সরেজমিনে কায়িক পরীক্ষাপূর্বক নিশ্চিত হয়ে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মতামতসহ নথি ঊর্ধ্বতন কর্মকর্তা বরাবর উপস্থাপন করবেন। রেভিনিউ অফিসার অব কাস্টমস উক্ত মতামত/প্রস্তাবের যথার্থতা পর্যালোচনাপূর্বক পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে নথিটি দায়িত্বপ্রাপ্ত ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস বরাবর অগ্রায়ন করবেন। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস সাট-আউট অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্র মারফত অবহিত করবেন।

**(খ) বিল অব এক্সপোর্ট বাতিলকরণ:**

১. সাট-আউট পরবর্তীতে এর সংশ্লেষে বিল অব এক্সপোর্ট বাতিলের আবেদন প্রাপ্তির পর দায়িত্বরত শাখা সহকারী সাট-আউট সংশ্লিষ্ট নথিতে একই বা পরবর্তী কার্যদিবসে অফডকে দায়িত্বরত অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস/রেভিনিউ অফিসার অব কাস্টমস এর নিকট উপস্থাপন করবেন;

২. অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস বিল অব এক্সপোর্ট বাতিলের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে একই বা ভিন্ন কাস্টম হাউসের মাধ্যমে রপ্তানিকৃত পণ্য সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি, পাশবুক, পিআরসি, লিয়েন ব্যাংকের অনাপত্তি, বন্ড কমিশনারেট এর প্রত্যয়ন পত্র, অফডক এর প্রত্যয়ন পত্র/ইত্যাদি প্রয়োজন বোধে যাচাই করবেন। উল্লেখ্য, একই কাস্টম হাউস এর মাধ্যমে বিল অব এক্সপোর্ট সংশোধনপূর্বক রপ্তানির সুযোগ থাকলে পুনরায় বিল অব এক্সপোর্ট দাখিল করা যাবে না;

৩. যাচাইকালে ভিন্ন দপ্তর বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয়তা অনুভূত হলে নথি উপস্থাপনের ২ (দুই) কার্যদিবসের মধ্যে তা প্রেরণ সম্পন্ন করতে হবে;

৪. দাখিলকৃত তথ্য/দলিলাদি যাচাইপূর্বক সংশ্লিষ্ট অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস উক্ত বিল অব এক্সপোর্ট বাতিলের প্রস্তাবসহ নথি রেভিনিউ অফিসার অব কাস্টমস এর নিকট উপস্থাপন করবেন।

৫. নথি প্রাপ্তির পরবর্তী ০২ কার্যদিবসের মধ্যে প্রাপ্ত তথ্যাদি এবং প্রস্তাব পর্যালোচনাপূর্বক রেভিনিউ অফিসার অব কাস্টমস দায়িত্বরত ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার বরাবর নথি অগ্রায়ন করবেন। ডেপুটি/সহকারী কমিশনার অব কাস্টমস তা অনুমোদনপূর্বক ASYCUDA World System এ সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট-টি বাতিলের অনুমতি প্রদান করবেন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্র মারফত অবহিত করবেন।

২। বিল অব এক্সপোর্ট বাতিলের ক্ষেত্রে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৮৬(৩) অনুযায়ী সংশ্লিষ্ট ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমসকে ক্ষমতা প্রদান করা হলো।

(আবুল বাসার মোঃ শফিকুর রহমান, এনডিসি)
কমিশনার অব কাস্টমস

নথি নং- এস-প্রশাসন/কা.হা.আইসিডি.চট্ট/০১/অফিস আদেশ/২০২৬/৪৭৬(৬) তারিখ: 12 JUL 2026

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।

২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস- ১/২, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।

৩। ডেপুটি কমিশনার/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (অফডক সকল), কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।

৪। রেভিনিউ অফিসার অব কাস্টমস (অফডক সকল), কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।

৫। অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস (অফডক সকল), কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।

৬। প্রেসিডেন্ট, বিজিএমইএ, হাউস। ৭/৭ এ, সেক্টর # ১৭, ব্লক। এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।

৭। প্রেসিডেন্ট, বিকেএমইএ, ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।

৮। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), চট্টগ্রাম।

৯। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১৩ তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১০। প্রেসিডেন্ট, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, ১০৭ প্রগতি হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১১। ম্যানেজার (অপারেশনস), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

১২। অফিস সুপার (যোগাযোগ শাখা), কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম। নোটিশ বোর্ডে টানানোসহ যথাযথ বিলিবন্টনের জন্য।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৩। সদস্য (কাস্টমস: রপ্তানি ও বন্ড) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৪। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

১৫। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।

১৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

১৭। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।

১৮। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, হাউস নং-বি-১৩২, লেইন নং-২১৪, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

১৯। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, চট্টগ্রাম।

২০। অফিস কপি।

12.07.26
(মোঃ শওকত হোসেন)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার